



শাহবাগ ঘটনার তদন্তে ছাত্রদলের চার সদস্যের কমিটি



সংগৃহীত ছবি

শাহবাগ থানায় গণমাধ্যমকর্মীদের সঙ্গে সংঘর্ষের অভিযোগের প্রেক্ষিতে ছাত্রদল একটি চার সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। শুক্রবার (২৪ এপ্রিল) সংগঠনটির পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, একটি অশালীন ফেসবুক পোস্টকে ঘিরে বৃহস্পতিবার (২৩ এপ্রিল) ছাত্রদলের কয়েকজন নেতাকর্মীর বিরুদ্ধে সাংবাদিকদের সঙ্গে অনভিপ্রেত আচরণের অভিযোগ ওঠে। বিষয়টি খতিয়ে দেখতে দ্রুত এই তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

কমিটিতে রয়েছেন কেন্দ্রীয় সংসদের সহসভাপতি জহির রায়হান আহমেদ ও এ বি এম ইজাজুল কবির রুয়েল, পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সহসভাপতি আনিসুর রহমান খন্দকার অনিক এবং সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. নাছির উদ্দিন শাঁওন। কমিটিকে পাঁচ দিনের মধ্যে তদন্ত শেষ করে কেন্দ্রীয় সংসদের কাছে লিখিত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।